দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 JAN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

# কাউখালীর ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

■ কাউখালী (পিরোজপুর) সংবাদদাতা

উপজেলার ১১টি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক নেই । ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে বিদ্যালয়গুলোর কার্যক্রম চলছে। এতে স্কুলগুলোতে পাঠদানসহ প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

সূত্র জানায়, উপকূলীয় ওই উপজেলায় ৬৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ১১টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদ শূন্য। এ ছাড়া ২৭টি সহকারী শিক্ষকের পদও দীর্ঘ দিন ধরে শূন্য রয়েছে। এর মধ্যে কিছু কিছু প্রাথমিক বিদ্যালয়ে তিন-চার বছর পর্যন্ত প্রধান শিক্ষকের পদটি শূন্য।

প্রধান শিক্ষকের পদ শূন্য থাকা ওই স্কুলগুলো হচ্ছে, আশোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, জব্দকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর হোগলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ছোট বিড়ালজুড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্য শিয়ালকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়, শংকরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফলইবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ শিয়ালকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেশরতা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাহাপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জোলাগাতি সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম জানান, বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকদের পদ শূন্য থাকার বিষয়টি তারা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন। শূন্য পদগুলো পূরণের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে তিনি জানান।